

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১২৫২

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৮. রুকৃ অবস্থায় দুই হাঁটুর মাঝখানে হাত রাখা রহিত হয়েছে এবং তা উভয় হাঁটুতে রাখার নির্দেশ দেয়া হয়েছে

بَابُ ذِكْرِ نَسْخِ التَّطْبِيقِ ، وَالْأَمْرِ بِالْأَخْذِ بِالرُّكَبِ

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ مُحَمَّدِ بْنِ صَاعِدٍ ، ثَنَا أَبُو سَعِيدٍ الْأَشَجُّ ، ثَنَا عَبْدُ اللَّهِ بْنُ إِدْرِيسَ ، قَالَ : سَمِعْتُ عَاصِمَ بْنَ كُلَيْبٍ يَذْكُرُ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْأَسْوَدِ ، عَنْ عَلْقَمَةَ ، عَنْ عَبْدِ اللَّهِ ، قَالَ : عَلَّمَنَا رَسُولُ اللَّهِ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ الصَّلَاةَ ، فَرَفَعَ يَدَيْهِ ، ثُمَّ رَكَعَ وَطَبَّقَ وَجَعَلَ يَدَيْهِ بَيْنَ رُكْبَتَيْهِ ، فَبَلَغَ ذَلِكَ سَعْدًا ، فَقَالَ : صَدَقَ أَخِي ، كُنَّا نَفْعَلُ هَذَا ، وَجَعَلَ يَدَيْهِ بَيْنَ رُكْبَتَيْهِ ، فَبَلَغَ ذَلِكَ سَعْدًا ، فَقَالَ : صَدَقَ أَخِي ، كُنَّا نَفْعَلُ هَذَا ، ثُمَّ أُمِرْنَا بِهَذَا ، وَجَعَلَ يَدَيْهِ عَلَى رُكْبَتَيْهِ ، يَعْنِي : فِي الرُّكُوعِ

বাংলা

১২৫২(১). ইয়াহ্ইয়া ইবনে মুহাম্মাদ ইবনে সায়েদ (রহঃ) ... আবদুল্লাহ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে নামায শিক্ষা দেন। তিনি তাঁর হস্তদ্বয় উপরে উত্তোলন করে (তাকবীরে তাহরীমার সময়), তারপর (কিরাআত পাঠ শেষে) রুকু করেন এবং দুই হাত মিলিয়ে দুই হাঁটুর মাঝখানে রাখেন। এই হাদীস সা'দ (রাঃ)-এর নিকট পৌছলে তিনি বলেন, আমার ভাই সঠিক বলেছেন। আমরা (রুকৃতে) তাই করতাম, অতঃপর আমাদেরকে এরূপ করার নির্দেশ দেয়া হয়। (এই বলে) তিনি তার দুই হাত দুই হাঁটুতে রাখেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন মাসউদ (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন